# Bangladesh Biosafety Rules, 2012 with Proposed Amendments and English Version

| Existing Biosafety Rules of Bangladesh, 2012<br>(বিদ্যমান বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২) | Poposed Amendment<br>বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২ তে প্রস্তাবিত সংশোধনী | English Version with the Proposed Amendments for Authenticated Text |
|---|---|---|
| এসআরও নং ৩০২-আইন/২০১২। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সালের ১ নম্বর আইন)-এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা নিম্নরুপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ– | এসআরও নং ৩০২-আইন/২০১২। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সালের ১ নম্বর আইন)- এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা নিম্নরুপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ– | SRO No 302-Act/2012. -The Government formulated the following Rules under the authority bestowed to it by the Section 20 of the Bangladesh Environment Conservation Act, 1995 (No. 1 Act of 1995): -- |
| ১। **শিরোনাম**।- এই বিধিমালা "বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২" নামে অভিহিত হইবে। | ১। **শিরোনাম**।–এই বিধিমালা ''বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০২০" নামে অভিহিত হইবে। | **1. Title**.- The Rules shall be called "Bangladesh Biosafety Rules, 2020". |
| ২। **সংজ্ঞা**।- **বিষয় বা** প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়-<br><br>(ক) 'অধিদপ্তর' অর্থ আইনের ধারা ৩ এর অধীন স্থাপিত পরিবেশ অধিদপ্তর;<br>(খ) ' আইন ' অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন);<br>(গ) 'কমিটি' অর্থ গাইডলাইন এর অধীন গঠিত জীবনিরাপত্তা বিষয়ক জাতীয় কমিটি (এনসিবি), বায়োসেফটি কোর কমিটি (বিসিসি), প্রাতিষ্ঠানিক জীবনিরাপত্তা কমিটি (আইবিসি), ফিল্ড লেভেল বায়োসেফটি (এফবিসি);<br>(ঘ) 'কৌলিগতভাবে পরিবর্তিত জীব' Genetically Modified Organism (GMO) অর্থ জীব প্রযুক্তির | ২। **সংজ্ঞা**।- **বিষয় বা** প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়-<br>(ক) "অধিদপ্তর' অর্থ আইনের ধারা ৩ এর অধীন স্থাপিত পরিবেশ অধিদপ্তর;<br>(খ) 'আইন' অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষন আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন)-কে বুঝাইবে;<br>(গ) কমিটি অর্থ গাইডলাইন্সের অধীন গাঠত জীবনিরাপত্তা বিষয়ক জাতীয় কমিটি (এনসিবি), বায়োসেফটি কোর কমিটি (বিসিসি), প্রতিষ্ঠানিক জীবনিরাপত্তা কমিটি (আইবিসি), ফিল্ড লেবেল বায়োসেফটি কমিটি (এফবিসি);<br>(ঘ) 'কৌলিগতভাবে পরিবর্তিত জীব Genetically | **2. Definition**.- Unless there is anything against the subject or context, the Rules–<br>(a) 'Department' means the Department of Environment established under the Section 3 of the Act;<br>(b) 'Act' means Bangladesh Environment Conservation Act, 1995 (No 1 Act of 1995);<br>(c) 'Committee' means National Committee on Biosafety (NCB), Biosafety Core Committee (BCC), Institutional Biosafety Committee (IBC), Field Level Biosafety Committee (FBC) established under the Guidelines;<br>(d) 'Genetically Modified Organism (GMO)' means any organism developed through application of modern biotechnology; |

| Existing Biosafety Rules of Bangladesh, 2012<br>(বিদ্যমান বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২) | Poposed Amendment<br>বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২ তে প্রস্তাবিত সংশোধনী | English Version with the Proposed Amendments for Authenticated Text |
|---|---|---|
| প্রয়োগে সৃষ্ট কোন জীব;<br>(ঙ) 'কৌলিগত পরিবর্তিত দ্রব্যাদি' অর্থ কৌলিকগতভাবে পরিবর্তিত জীব হইতে উৎপাদিত কোন পণ্য বা পণ্যসামগ্রী;<br>(চ) 'গাইডলাইন' অর্থ পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক বিগত ৩১ ডিসেম্বর, ২০০৭ খ্রিঃ তারিখে প্রজ্ঞাপন নং পবম/পরিবেশ-৩/০১/সিবিসিডি-০৩/২০০৭/১৭ মূলে জারীকৃত Biosafety Guidelines of Bangladesh;<br>(ছ) 'জীব প্রযুক্তি' অর্থ এমন কোন প্রযুক্তি যাহা প্রয়োগের মাধ্যমে কোন জীবে (উদ্ভিদ বা প্রাণী বা অনুজীব) ঐ জীব বা ইহার কোন বুনো প্রজাতি বা সম্পূর্ণরূপে ভিন্ন অন্য কোন জীব হইতে প্রাপ্ত নতুন বৈশিষ্ট্য বা বংশগতির বাহক বা জীনের অনুপ্রবেশ ঘটাইয়া কৌলিগত বৈশিষ্ট্য সম্পন্ন জীব এর উদ্ভাবন করা হয়;<br>(জ) 'দূষণ' অর্থ আইনের ধারা ২(খ) তে সজ্ঞায়িত দূষণ;<br>(ঝ)'পরিবেশ' অর্থ আইনের ধারা ২(ঘ) তে সজ্ঞায়িত পরিবেশ;<br>(ঞ) 'মহাপরিচালক' অর্থ পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক; | Modified Organism (GMO) অর্থ আধুনিক জীবপ্রযুক্তির প্রয়োগে সৃষ্টি কোন জীব;<br><br>(ঙ) কৌলিগত পরিবর্তিত দ্রব্যাদি' অর্থ কৌলিগতভাবে পরিবর্তিত জীব হইতে উৎপাদিত কোন পণ্য বা পণ্যসামগ্রী;<br><br>(চ) গাইডলাইন্স অর্থ পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক বিগত ৩১ ডিসেম্বর, ২০০৭ খ্রিঃ তারিখে প্রজ্ঞাপন নং পবম/পরিবেশ-৩/০১/সিবিবিডি-০৩/২০৭/১৭ মূলে জারীকৃত Biosafery Guidelines of Bangladesh ;<br><br>(ছ) 'আধুনিক জীব প্রযুক্তি' হলো *in vitro* nucleic acid পদ্ধতির মতো এমন কোন প্রযুক্তি, যাহা recombinant DNA technology এর মাধ্যমে অথবা nucleic acids এর জীবকোষ বা অঙ্গানু (organelles) মধ্যে সরাসরি অনুপ্রবিষ্ট করানোর মাধ্যমে অথবা একই taxonomic family এর বাহিরে nucleic acids এর fusion করানোর মাধ্যমে অথবা Syntheic Biology বা উদ্ভিদ প্রজননের নতুন পদ্ধতি (New Plant Breeding Techniques), যাহা প্রয়োগের মাধ্যমে সুনির্দিষ্ট কাজে ব্যবহারের | (e) 'Genetically Modified Products' means a product or goods that have been produced or manufactured from Genetically Modified Organisms;<br><br>(f) 'Guidelines' means the Biosafety Guidelines of Bangladesh circular no PBM/Environment-3/01/CBBD-03/2007/17 issued by the Ministry of Environment and Forests on 31 December 2007;<br><br>(g) 'Modern Biotechnology' means application of any technique like in vitro nucleic acid techniques including recombinant DNA technology or direct injection of nucleic acids into cells or organelles or fusion of cells beyond the taxonomic family to make or modify a product or application of Synthetic Biology or New Plant Brreding Techniques in order to improve plants or animals, or to develop microorganisms for specific uses; |

| Existing Biosafety Rules of Bangladesh, 2012<br>(বিদ্যমান বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২) | Poposed Amendment<br>বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২ তে প্রস্তাবিত সংশোধনী | English Version with the Proposed Amendments for Authenticated Text |
|---|---|---|
| | উদ্দেশ্যে কৌলিগত বৈশিষ্ট্য সম্পন্ন নতুন জীব তৈরী করা ;<br>(জ) 'দূষণ' অর্থ আইনের ধারা ২ (খ) তে সংজ্ঞায়িত দূষণ;<br>(ঝ) পরিবেশ অর্থ আইনের ধারা ২(ঘ) তে সংজ্ঞায়িত পরিবেশ;<br>(ঞ) 'মহাপিরিচালক' অর্থ পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক। | (h) 'Pollution' means the pollution defined under the Section 2 (b) of the Act;<br>(i) 'Environment' means the environment defined under the Section 2 (d) of the Act;<br>(j) 'Director General' means the Director General of the Department of Environment. |
| **৩। কৌলিগতভাবে পরিবর্তিত জীব বা দ্রব্যাদি আমদানী বা রপ্তানী ইত্যাদির বাধা নিষেধ**।- (১) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে, কৌলিগতভাবে পরিবর্তিত জীব বা দ্রব্যাদি আমদানী, রপ্তানী, ক্রয়, বিক্রয় বা উহাদেরকে বাণিজ্যিকভাবে ব্যবহার করিতে পারিবেন নাঃ<br><br>তবে শর্ত থাকে যে, কৌলিগতভাবে পরিবর্তিত কোন জীব বা দ্রব্যাদি সম্পর্কে কোন গবেষণা পরিচালনা বা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করিবার ক্ষেত্রে শুধুমাত্র গাইডলাইনের বিধানাবলী প্রযাজ্য হইবেঃ<br><br>আরো শর্ত থাকে যে, গবেষণালব্ধ ফলাফল বাজরজাত করিবার ক্ষেত্রে কৃষি মন্ত্রণালয়সহ এতদ্সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়, অধিদপ্তর যদি থাকে ইত্যাদির অনুমোদন গ্রহণ করিতে হইবে।<br>(২) উপ-বিধি (১) এর আওতায় অনুমোদন প্রাপ্তিসাপেক্ষে | **৩। কৌলিগতভাবে পরিবর্তিত জীব বা দ্রব্যাদি আমদানী বা রপ্তানী ইত্যাদির বাধা নিষেধ**।-(১) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে, কৌলিগতভাবে পরিবর্তিত জীব বা দ্রব্যাদি আমদানী, রপ্তানী, ক্রয়, বিক্রয় বা উহাদেরকে বাণিজ্যিকভাবে ব্যবহার করিতে পারিবে নাঃ<br>তবে শর্ত থাকে যে, কৌলিগতভাবে পরিবর্তিত জীব বা দ্রব্যাদি সম্পর্কে কোন গবেষণা পরিচালনা বা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করিবার ক্ষেত্রে গাইডলাইনের বিধানাবলী প্রযোজ্য হবেঃ<br>আরো শর্ত থাকে যে, গবেষণালব্দ ফলাফল বাজারজাত করিবার ক্ষেত্রে কৃষি মন্ত্রণালয়সহ এতদসংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়, অধিদপ্তর, যদি থাকে ইত্যাদির অনুমোদন গ্রহণ করিতে হইবে।<br>(২) উপ-বিধি (১) আওতায় অনুমোদন | **3. Restrictions on imports or exports on Genetically Modified Organism or products.** -: - (1) Without the approval of Ministry of Environment, Forest and Climate Change no individual or institution shall import, export, purchase, sell or placing into the market for commercial use of Genetically Modified Organism GMO) or GMO products,<br><br>Provided that provisions of the Guidelines shall be applicable in case of conducting any research or undertaking and implementing a development project on Genetically Modified Organism (GMO) or GMO products:<br>Further provided that approval has to be taken in favour of placement into the market of research derived outcomes or products from the concerned other ministries or departments, if any, including the Ministry of Agriculture<br>(2) Subject to obtaining approval under the Sub-Rule (1), |

| Existing Biosafety Rules of Bangladesh, 2012<br>(বিদ্যমান বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২) | Poposed Amendment<br>বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২ তে প্রস্তাবিত সংশোধনী | English Version with the Proposed Amendments for Authenticated Text |
|---|---|---|
| বাণিজ্য মন্ত্রণালয় বা এতদসংক্রান্ত অন্যান্য কর্তৃপক্ষের নিকট দেশে বিদ্যমান আমদানী রপ্তানী নীতিমালা অনুযায়ী বাণিজ্যিক উদ্দেশ্যে আমদানী রপ্তানী বা বাণিজ্যিকভাবে ব্যবহারের জন্য আবেদন করিতে পারিবে।<br>(৩) উপ-বিধি (১) এর বিধান অনুসারে অনুমোদন প্রদানের ক্ষেত্রে পরিবেশ ও বন মন্ত্রণালয়কে আইন এবং উহার অধীনে প্রণীত এতদ্সংশ্লিষ্ট বিধিমালা, যদি থাকে এবং গাইডলাইনের বিধানাবলী, ইত্যাদি অনুসরণ করিতে হইবে | প্রাপ্তিসাপেক্ষে বাণিজ্য মন্ত্রণালয় বা এতদসংক্রান্ত অন্যান্য কর্তৃপক্ষের নিকট দেশে বিদ্যমান আমদানী রপ্তানী নীতিমালা অনুযায়ী বাণিজ্যিক উদ্দেশ্যে আমদানী, রপ্তানী বা বাণিজ্যিকভাবে ব্যবহারের জন্য আবেদন করিতে পারিবে।<br>(৩) উপ-বিধি (২) এর বিধান অনুসারে অনুমোদন প্রদানের ক্ষেত্রে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আইন এবং ইহার অধীনে প্রণীত এতদসংশ্লিষ্ট বিধিমালা, যদি থাকে, এবং গাইডলাইনের বিধানাবলী, ইত্যাদি অনসিরণ করিতে হইবে। | application may be filed, under the existing import and export policies of the country, in favour of the import and export or commercial use, to the Ministry of Commerce or other authorities concerned in this regard.<br><br>(3) In case of approval under the Sub-Rule (2) **t**he Ministry of Environment, Forest and Climate Change shall follow the Act and other concerned rules formulated under the Act, if any, and the provisions of the Guidelines in case of issuing approval. |
| ৪। **গাইডলাইনের প্রয়োগ, ইত্যাদি**।- কৌলিগতভাবে পরিবর্তিত জীব বা দ্রবাদির নিয়ন্ত্রণ এবং পরিবেশের উপর উহাদের ক্ষতিকর, বিরূপ প্রভাব ইত্যাদি নিয়ন্ত্রণের ক্ষেত্রে গাইডলাইনের বিধানাবলী প্রযাজ্য হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, এতদ্সংক্রান্ত কোন আইন বা বিধিমালার কোন বিধানের সাথে গাইডলাইনের কোন বিধান সংঘর্ষিক বা অসংগতিপূর্ণ হইলে সংশ্লিষ্ট আইন বা বিধিমালার বিধান প্রাধান্য পাইবে। | ৪। **গাইডলাইনের প্রয়োগ, ইত্যাদি**।-কৌলিগতভাবে পরিবর্তিত জীব বা দ্রব্যাদির নিয়ন্ত্রণ এবং পরিবেশের উপর উহাদের ক্ষতিকর, বিরূপ প্রভাব ইত্যাদি নিয়ন্ত্রণের ক্ষেত্রে গাইডলাইনের বিধানাবলী প্রযোজ্য হবেঃ<br>তবে শর্ত থাকে যে, এতদসংক্রান্ত কোন আইন বা বিধিমালার কোন বিধানের সাথে গাইডলাইনের কোন বিধান সাংঘর্ষিক বা অসংগতিপূর্ণ হইলে সংশ্লিষ্ট আইন বা বিধিমালার বিধান প্রাধান্য পাইবে। | **4. Application of the Guidelines, etc.-** The provisions of the Guidelines shall be applicable in case of controlling the Genetically Modified Organisms or Products and assessing the harmful impacts of GMOs or GM Products on the environment:<br>Provided that if any provision of the Guidelines makes conflict or stands as inconsistent with any section of the concerned Act or the Rules, in that case the Act or the Rules shall prevail. |
| ৫। **পরিচিতি বা লেবিলিং প্রদান**।- কৌলিগতভাবে পরিবর্তিত জীব বা দ্রবাদি বহনকারী বাক্স বা মোড়কের উপর উহা যে কৌলিগতভাবে পরিবর্তিত জীব অথবা সেই | ৫। **পরিচিতি বা লেবেলিং প্রদান**।- **(১) বিক্রেতা, আমদানীকারক বা রপ্তানীকারক কর্তৃক** কৌলিগতভাবে পরিবর্তিত জীব বা দ্রব্যাদি বহনকারী বাক্স বা মোড়কের | **5. Identification or Labelling**.- (1) The Seller, Importer and Exporter of Genetically Modified Organisms or GM Products has to insert the labell on the box or package or the |

| Existing Biosafety Rules of Bangladesh, 2012 (বিদ্যমান বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২) | Poposed Amendment বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২ তে প্রস্তাবিত সংশোধনী | English Version with the Proposed Amendments for Authenticated Text |
|---|---|---|
| জীব হইতে উৎপন্ন দ্রব্য, উহার পূর্ণাঙ্গ পরিচিতি বা লেভিলিং থাকিতে হইবে যাহা এই বিষয়ে অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন তাহার অতিরিক্ত হইবে। | উপর উহা যে কৌলিগতভাবে পরিবর্তিত জীব অথবা সেই জীব হইতে উৎপন্ন দ্রব্য, উহার পূর্ণাঙ্গ পরিচিতি বা লেবেলিং এমন ভাবে প্রদর্শন করিতে হইবে, যাহাতে ক্রেতা বা ভোক্তা উক্ত দ্রব্য যে জিএমও সে বিষয়ে সম্যক অবহিত হইতে পারেন। উক্ত প্রবিধিএই বিষয়ে অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন তাহার অতিরিক্ত হইবে। (২) কৌলিগতভাবে পরিবর্তিত জীব বা দ্রব্যাদি মোড়কবিহীন বা খোলা অবস্থায় বিক্রয়ের ক্ষেত্রে উক্ত দ্রব্যের গায়ে উহার পূর্ণাঙ্গ পরিচিতি বা লেবেলিং এমন ভাবে প্রদর্শিত হইবে যাতে ক্রেতা বা ভোক্তা উক্ত দ্রব্য যে জিএমও দ্রব্য সে বিষয়ে অবহিত হইতে পারেন, উক্ত প্রবিধি এই বিষয়ে অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন তাহার অতিরিক্ত হইবে। | consignment containing the item that clearly exhibits the complete information of the identity of the item as GMO and it shall be stated that ‘it contains GMOs or GM Products’ as labeled text so that the purchaser or the consumer be clearly informed and learnt on the identity of the item. This Sub-Rule shall be additional to and notwithstanding with any other existing Acts on labeling. (2) In case of open selling, a complete labeling or identification shall also be applicable and be exhibited on the body of the GMO and GM Product itself alongwith the box or package or the bag containing Genetically Modified Organism or products. The labeling and identification shall be maintained in such a way the purchaser or the consumer be clearly informed and learnt on the identity of the item. This Sub-Rule shall be additional to and notwithstanding with any other existing Acts on labeling. |
| **৬। বিভিন্ন সংস্থার সহায়তা গ্রহণ ইত্যাদি।- (১)** কৌলিগতভাবে পরিবর্তিত জীব অথবা সেই জীব হইতে উৎপন্ন দ্রব্য দ্বারা পরিবেশ, জীববৈচিত্র্য, মানবস্বাস্থ্যেরক্ষেত্রে কোন প্রকার হুমকি বা বিপজ্জনক অবস্থার সৃষ্টি হইলে বা পরিবেশ দূষণ ঘটিলে বা কোন প্রকার কোন দুর্ঘটনা দেখা দিলে বা দুর্ঘটনার সম্ভাবনা থাকিলে উহা জরুরী ভিত্তিতে নিরসনের বা, ক্ষেত্রমত, মোকাবেলার জন্য এতদসংশ্লিষ্ট কমিটি বা মহাপরিচালক | **৬। বিভিন্ন সংস্থার সহায়তা গ্রহণ ইত্যাদি।- (১)** কৌলিগতভাবে পরিবর্তিত জীব অথবা সেই জীব হইতে উৎপন্ন দ্রব্য দ্বারা পরিবেশ, জীববৈচিত্র্য, মানবস্বাস্থ্যের ক্ষেত্রে কোন প্রকার হুমকি বা বিপজ্জনক অবস্থার সৃষ্টি হইলে বা পরিবেশ দূষণ ঘটিলে বা কোন প্রকার কোন দুর্ঘটনা দেখা দিলে বা দুর্ঘটনার সম্ভাবনা থাকিলে উহা জরুরী ভিত্তিতে নিরসনের বা, ক্ষেত্রমত, মোকাবেলার জন্য এতদসংশ্লিষ্ট কমিটি বা মহাপরিচালক যে কোন | **6. Obtaining Assistance from Different Organizations, etc.**- (1) If there is any threat or damaging phenomenon created on the environment, biodiversity and human health, or if pollution caused to the environment or in case of any occurrence of accidental release or possibility of accidental release of Genetically Modified Organism or Products thereof, the concerned committee or Director General could seek assistance or cooperation at any time from any |

| Existing Biosafety Rules of Bangladesh, 2012<br>(বিদ্যমান বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২) | Poposed Amendment<br>বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২ তে প্রস্তাবিত সংশোধনী | English Version with the Proposed Amendments for Authenticated Text |
|---|---|---|
| যে কোন সময় যে কোন মন্ত্রণালয়, সংস্থা, অধিদপ্তর, ইত্যাদির সহায়তা এবং সহযোগিতা চাহিতে হইবে।<br>(২) উপ-বিধি (১) এর অধীন কমিটি বা মহাপরিচালক কর্তৃক চাহিত সহায়তা বা সহযোগিতা প্রদানে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, বা অধিদপ্তর বাধ্য থাকিবে। | সময় যে কোন মন্ত্রণালয়, সংস্থা, অধিদপ্তর, ইত্যাদির সহায়তা এবং সহযোগিতা চাহিতে পারিবেন ।<br>(২) উপ-বিধি (১) এর অধীন কমিটি বা মহাপরিচালক কর্তৃক চাহিত সহায়তা বা সহযোগিতা প্রদানে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, বা অধিদপ্তর বাধ্য থাকিবে। | ministry, agency, department, etc towards implementing emergency response measures to mitigate or in proper case to tackle the situation.<br>(2) Concerned ministries, divisions, agencies or departments shall be bound to render such cooperation or assistance to the committee or Director General in response to the request made under Sub-Rule (1). |
| **৭। (১) দুর্ঘটনা সম্পর্কে অবহিতকরণ, দায়িত্বে অবহেলা, প্রশাসনিক জারিমানা, ইত্যাদি।-** (১) কৌলিগতভাবে পরিবর্তিত জীব বা দ্রবাদি দ্বারা পরিবেশ, জীববৈচিত্র্য, মানবস্বাস্থ্যেও ক্ষেত্রে কোন প্রকার হুমকি বা বিপজ্জনক অবস্থার সৃষ্টি হইলে বা পরিবেশ দূষিত হইলে বা কোন প্রকার কোন দুর্ঘটনা ঘটিলে উহা নিয়ন্ত্রণ করিবার জন্য সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে এবং উক্তরূপ গৃহীত ব্যবস্থার বিস্তারিত প্রতিবেদন, বা তথ্যাদি যথাশীঘ্র সম্ভব, বায়োসেফটি কোর কমিটি (বিবিসি) এবং ন্যাশনাল কমিটি অন বায়োসেফটি (এনসিবি) কে অবহিত করিতে হইবে।<br>(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কোন বিপজ্জনক পরিস্থিতি বা দুর্ঘটনা সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের অবহেলাজনিত কারণে সংঘটিত হইলে উক্তরূপ পরিস্থিতির জন্য সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান দায়ী হইবে।<br>(৩) উপ-বিধি (২) এর অধীনে দায়ী ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে জীবনিরাপত্তা বিষয়ক জাতীয় কমিটি (এসসিবি), উপযুক্ত কারণ দর্শানো নোটিশ প্রদান সাপেক্ষে, যুক্তিসংগত প্রশাসনিক জরিমানা প্রদানের আদেশসহ | **৭। দুর্ঘটনা সম্পর্কে অবহিতকরণ, দায়িত্বে অবহেলা, প্রশাসনিক জরিমানা, ইত্যাদি।- (১) -(১)** কৌলিগতভাবে পরিবর্তিত জীব অথবা দ্রব্যদির দ্বারা পরিবেশ, জীববৈচিত্র্য, মানবস্বাস্থ্যের ক্ষেত্রে কোন প্রকার হুমকি বা বিপজ্জনক অবস্থার সৃষ্টি হইলে বা পরিবেশ দূষিত হইলে বা কোন প্রকার কোন দুর্ঘটনা ঘটিলে উহা নিয়ন্ত্রণ করিবার জন্য সংশ্লিষ্ট বা ব্যক্তি প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে এবং উক্তরূপ গৃহীত ব্যবস্থার বিস্তারিত প্রাতবেদন, বা তথ্যাদি যথাশীঘ্র সম্ভব, বায়োসেফটি কোর কমিটি (বিবিসি) এবং ন্যাশনাল কমিটি অন বায়োসেফটি (এনসিবি) কে অবহিত করিতে হইবে।<br>(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কোন বিপজ্জনক পরিস্থিতি বা দুঘটনা সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের অবহেলাজনিত কারণে সংঘঠিত হইলে উক্তরূপ পরিস্থিতির জন্য সংশ্লিষ্ট বা ব্যক্তি প্রতিষ্ঠান দায়ী হইবে। | **7. Reporting of accident, negligence to responsibility, administrative fine, etc**.- (1) If Genetically Modified Organism or products cause threat or damaging phenomenon to the environment, biodiversity and human health or or causing pollution to the environment or occurrence of accidental release, the concerned individual or institution shall take necessary measures to make the situation under control, and the measures taken shall within the soonest possible time be informed and communicated in a detailed report to the Biosafety Core Committee (BCC) and to the National Committee on Biosafety (NCB) .<br>(2) If any damaging phenomenon or accidental release occurred as stated under the Sub-section (1) on the account of negligence of the concerned individual or institution, the individual or the institution shall be held liable for the occurrence. |

| Existing Biosafety Rules of Bangladesh, 2012<br>(বিদ্যমান বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২) | Poposed Amendment<br>বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২ তে প্রস্তাবিত সংশোধনী | English Version with the Proposed Amendments for Authenticated Text |
|---|---|---|
| আইনানুগ যে কোন প্রকারের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।<br>(৪) উপ-বিধি (৩) এর অধীনে জীবনিরাপত্তা বিষয়ক জাতীয় কমিটি কর্তৃক কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রশাসিনক জরিমানা প্রদানের আদেশ প্রদান করা হইলে উক্ত জরিমানার অর্থ আদেশ প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করিতে হইবে। | (৩) উপ-বিধি (২) এর অধীনে দায়ী ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে জীবনিরাপত্তা বিষয়ক জাতীয় কমিটি (এনসিবি), উপযুক্ত কারণ দর্শানো নোটিশ প্রদান সাপেক্ষে, যুক্তিসংগত প্রশাসনিক জরিমানা প্রদানের আদেশসহ আইনানুগ যে কোন প্রকারের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।<br>(৪) উপ-বিধি (৩) এর অধীন জীব নিরাপত্তা বিষয়ক জাতীয় কমিটি কর্তৃক কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রশাসনিক জরিমানা প্রদানের আদেশ প্রদান করা হইলে উক্ত জরিমানা অর্থ আদেশ প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করিতে হইবে। | (3) The National Committee on Biosafety (NCB), subject to giving a show cause notice as deems fit, could take any type of legal measures including, not limited to, issuing order against the person or institution liable for compensating reasonable amount of administrative fine under Sub-Rule (2).<br>(4) If the National Committee on Biosafety (NCB) issues any order any logical administrative fine against the responsible individual or the firm under the Sub-section (3), the financial fine shall be deposited with the concerned Government office within 30 (Thirty) days of the issuance date of the order. |
| **৮। জরুরি পরিস্থিতি মোকাবেলার পরিকল্পনা।**-(১) অনুমতিপ্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে উহার কার্যক্রম পরিচালনার জন্য মাঠ পরীক্ষণ এলাকায় সম্ভাব্য দুর্ঘটনা বা উক্ত এলকার দূরবর্তী এলাকার সম্ভাব্য দুর্ঘটনা বা জরুরি পরিস্থিতি মোকাবেলার পরিকল্পনা প্রস্তুত করিতে হইবে এবং পিল্ড লেভেলে বায়োসেফটি কমিটি (এফবিসি) কে উহা বাস্তবায়ন, পরিবীক্ষণ করিবার জন্য অবহিত করিতে হইবে।<br>(২) উপ-বিধি (১) এর অধীন পরিকল্পনা প্রস্তুত বা বাস্তবায়নে স্থানীয় জনসাধারণের পরামর্শ এবং তহাদের অংশ গ্রহণ নিশ্চিত করিতে হইবে।<br>(৩) উপ-বিধি (৩) এর অধীনে প্রয়োজনীয় জরুরি পরিকল্পনা পরিবীক্ষণে সক্ষম করিবার লক্ষ্যে অনুমতিপ্রাপ্ত | **৮। জরুরী পরিস্থিতি মোকাবেলার পরিকল্পনা।** - (১) অনুমতিপ্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে উহার কার্যক্রম পরিচালনার জন্য মাঠ পরীক্ষণ এলাকায় সম্ভাব্য দুর্ঘটনা বা উক্ত এলাকার দূরবর্তী এলাকায় সম্ভাব্য দুর্ঘটনা বা জরুরী পরিস্থিতি মোকাবেলার পরিকলাপনা প্রস্তুত করিতে হইবে এবং ফিল্ড লেভেল বায়োসেফটি কমিটি (এফবিসি) কে উহার বাস্তবায়ন , পরিবীক্ষণ করিবার জন্য অবহিত করিতে হইবে।<br>(২) উপ-বিধি (১) এর অধীন পরিকল্পনা প্রস্তুত এবং বাস্তবায়নে স্থানীয় জনসাধারণের পরামর্শ এবং তাহাদের অংশগ্রহণ নিশ্চিত করিতে হইবে। | **8. Plans to face emergency situation**.- (1) The authorized individual or the firm shall prepare a plan to face any potential accident or emergency situation in the experiment field or remote areas of the experiment field for conducting their activities, and inform the Field-level Biosafety Committee (FBC) about its implementation and supervision.<br>(2) Participation of the local residents and their advice shall be ensured in the preparation and implementation of the plan under the Sub-section (1).<br>(3) The authorized individual or the firm shall supply |

| Existing Biosafety Rules of Bangladesh, 2012 (বিদ্যমান বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২) | Poposed Amendment বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২ তে প্রস্তাবিত সংশোধনী | English Version with the Proposed Amendments for Authenticated Text |
|---|---|---|
| ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কার্যক্রমাধীন কৌলিগতভাবে পরিবর্তিত জীব-এর ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্যাদিসহ সম্ভাব্য দুর্ঘটনার ধরণ, ব্যাপ্তি এবং কার্যক্রম এলাকা বহির্ভূত সম্ভাব্য প্রভাবসহ অন্যান্য আনুষঙ্গিক ও প্রয়োজনীয় সকল তথ্যাদি এফবিসিকে সরবরাহ করিতে হইবে। | (৩) উপ-বিধি (১) এর অধীনে প্রয়োজনীয় জরুরী পরিকল্পনা পরিবীক্ষণে সক্ষম করিবার লক্ষ্যে অনুমতিপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কার্যক্রমাধীন কৌলিগতভাবে পরিবর্তিত জীব-এর ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্যাদিসহ সম্ভাব্য দুর্ঘটনার ধরণ, ব্যাপ্তি এবং কার্যক্রম এলাকা বহির্ভূত সম্ভাব্য প্রভাবসহ অন্যান্য আনুসাঙ্গিক ও প্রয়োজনীয় সকল তথ্যাদি এফবিসিকে সরবরাহ করিতে হইবে। | information about the management of the ongoing Genetically Modified Organism, and all other associated and necessary information including the type and extent of any potential accident, and any potential impact beyond the experiment field area, to the FBC to make it capable of supervising the necessary emergency plans under the Sub-section (1). |
| **৯। পরিবেশ দূষণ বা প্রতিবেশ ব্যবস্থার ক্ষতিজনিত অপরাধ।-** কৌলিগতভাবে পরিবর্তিত কোন জীব বা দ্রব্যাদি দ্বারা পরিবেশের দূষণ সৃষ্টি বা প্রতিবেশ ব্যবস্থার ক্ষতিসাধিত হইলে জীব বা দ্রব্যাদি উৎপাদনকারী প্রতিষ্ঠান, রপ্তানীকারক, আমদানীকারক, মজুদকারী, সরবরাহকারী, খুচরা ব্যবসায়ী সকলেই দূষণ বা প্রতিবেশ ব্যবস্থার ক্ষতিজনিত অপরাধের জন্য দায়ী হইবেন, যদি না তাহারা প্রমাণ করিতে পারেন যে উক্ত দূষণ সৃষ্টিতে তাহার বা তাহাদের কোন প্রত্যক্ষ সম্পৃক্ততা ছিল না। | **৯। পরিবেশ দূষণ বা প্রতিবেশ ব্যবস্থার ক্ষতিজনিত অপরাধ।-** কৌলিগতভাবে পরিবর্তিত কোন জীব বা দ্রব্যাদি দ্বারা পরিবেশের দূষণ সৃষ্টি বা প্রতিবেশ ব্যবস্থার ক্ষতিসাধিত হইলে জীব বা দ্রব্যাদি উৎপাদনকারী প্রতিষ্ঠান, রপ্তানীকারক, আমদানীকারক, মজুদকারী, সরবরাহকারী, খুচরা ব্যবসায়ী সকলেই দূষণ বা প্রতিবেশ ব্যবস্থার ক্ষতিজনিত অপরাধের জন্য দায়ী হইবেন, যদি না তাহারা প্রমাণ করিতে পারেন যে উক্ত দূষণ সৃষ্টিতে তাহার বা তাহাদের কোন প্রত্যক্ষ সম্পৃক্ততা ছিল না। | **9. Offence caused due to Pollution to the Envionment and Damage to the Ecosystem.-** If there is pollution caused to the environment or damage occurs to the ecosystem owing to introduction of the Genetically Modified Organism or Products thereof, the manufacturing institution, exporter, importer, storer, supplier and retailer, all shall be liable for the offence of environmental pollution or ecosystem damage, unless they could provethat they did not have direct involvement with occurrence of such pollution or damage |
| **১০। অপরাধ ও দন্ড।-** (১) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান দ্বারা বিধি ৩ বা ৫ এর লঙ্ঘন বা ৯ এ বর্ণিত দূষণ সৃষ্টি হইলে আইনের ১৫ এর উপ-ধারা ২ এর উদ্দেশ্য পূরণকল্পে এই বিধিমালার অধীনে উহা অপরাধ হিসাবে গণ্য হইবে এবং এইরূপ অপরাধের জন্য অনধিক ২ | **১০। অপরাধ ও দন্ড।-** (১) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান দ্বারা বিধি ৩ বা ৫ এর লঙ্ঘন বা ৯ এ বর্ণিত দূষণ সৃষ্টি হইলে আইনের ১৫ এর উপ-ধারা ২ মোতাবেক এই বিধিমালার অধীনে উহা অপরাধ হিসাবে গণ্য হইবে এবং এইরূপ অপরাধের জন্য অনধিক ২ | **10. Offences and Penalty.-** (1) If there is any violation of Rule 3 or Rule 5 or liability of pollution or damage under rule 9 caused or committed by any person or institution shall be founded as an offence under this Rules in line with Section 15(2) of the Act and such offence shall be penalized with an |

| Existing Biosafety Rules of Bangladesh, 2012<br>(বিদ্যমান বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২) | Poposed Amendment<br>বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২ তে প্রস্তাবিত সংশোধনী | English Version with the Proposed Amendments for Authenticated Text |
|---|---|---|
| (দুই) বৎসরের কারাদন্ড বা ১০ (দশ) হাজার টাকা অর্থ দন্ড বা উভয় দন্ডে দন্ডনীয় হইবে।<br>(২) বিধি ৯ এ উল্লিখিত দূষণ সৃষ্টিকারী হিসাবে যদি কোন কোম্পানীকে দায়ী করা হয়, তাহা হইলে উক্ত কোম্পানীর বিরুদ্ধে আইনের ধারা ১৬ এর বিধান প্রযোজ্য হইবে। | (দুই) বৎসরের কারাদন্ড বা ১০ (দশ) হাজার টাকা অর্থ দন্ড বা উভয় দন্ডে দন্ডনীয় হইবে।<br>(২) বিধি ৯ এ উল্লিখিত দূষণ সৃষ্টিকারী হিসাবে যদি কোন কোম্পানীকে দায়ী করা হয়, তাহা হইলে উক্ত কোম্পানীর বিরুদ্ধে আইনের ধারা ১৬ এর বিধান প্রযোজ্য হইবে। | imprisonment not more than 2 (two) years or a fine not more than 10 (ten) thousand Taka or imposing both penalty at a time.<br><br>(2) If any company is found liable as polluter under Rule 9, the provision of the Section 16 of the Act shall be applicable against that company. |
| **১১। আপিল।-** বিধি ৭ এর আদেশ দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি আইনের ধারা ১৪ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর বিধি ৯, ১০ এবং ১১ অনুযায়ী আপিল করিতে পারিবেন। | **১১। আপিল।-** বিধি ৭ এর আদেশ দ্বারা সংক্ষুব্দ্ধ ব্যক্তি আইনের ধারা ১৪ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর বিধি ৯,১০ এবং ১১ অনুযায়ী আপিল করিতে পারিবেন। | **11. Appeal**.- Any person aggrieved by an order made under rule 7, may prefer an appeal as per the provisions of section 14 of the Act and rule 9, 10 and 11 of the Environment Conservation Rules, 1997.. |
| **১২। (১). পুনর্বিবেচনা (রিভিউ)।-** (১) বিধি ৩ এর আদেশ দ্বারা কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে আদেশ প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে-<br>(অ) অনুমোদন না পাওয়ার কারণে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নিকট, বা<br>(আ) প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট, পুনর্বিবেচনার (রিভিউ) জন্য দরখাস্ত দাখিল করিতে পারিবে।<br>(২) উপ-বিধি (১) এর অধীন পুনর্বিবেচনার আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিবেশ ও বন মন্ত্রণালয় বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উহা নিষ্পত্তি করিবে এবং আবেদনটি মঞ্জুর বা না মঞ্জুর করা সংক্রান্ত আদেশ আবেদনকারীকে অবহিত করিবে। | **১২। পুনর্বিবেচনা (রিভিউ)।-** (১) বিধি ৩ এর আদেশ দ্বারা কোন ব্যক্তি সংক্ষুব্দ্ধ হইলে আদেশ প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে–<br>(অ) অনুমোদন না পাওয়ার কারণে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নিকট, বা<br>(আ) প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তপক্ষের নিকট,<br>পুনর্বিবেচনার (রিভিউ) জন্য দরখাস্ত দাখিল করিতে পারিবে।<br>(২) উপ-বিধি (১) এর অধীন পুনর্বিবেচনার আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্তপক্ষ উহা নিষ্পত্তি করিবে এবং | **12 (1) Review.-** (1) Any person aggrieved by an order made under rule 3, may file, within 30 days from the date of delivering such order, a review application:<br>(a) to the Ministry of Environment, Forest and Climate Change for not obtaining the permission;<br>(b) to the concerned authority, in applicable cases.<br><br>(2) Ministry of Environment, Forest and Climate Change or the Concerned Authority shall dispose the case within 30 (thirty) days of receiving the review application, and shall inform the applicant on granting or rejection of application. |

| Existing Biosafety Rules of Bangladesh, 2012<br>(বিদ্যমান বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২) | Poposed Amendment<br>বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২ তে প্রস্তাবিত সংশোধনী | English Version with the Proposed Amendments for Authenticated Text |
|---|---|---|
| | আবেদনটি মঞ্জুর বা না মঞ্জুর করা সংক্রান্ত আদেশ আবেদনকারীকে অবহিত করিতে হইবে। | |
| ১৩। (১). **প্রতিবেদন দাখিল**।- (১) প্রতি ৬ (ছয়) মাস অন্তর অন্তর মহাপরিচালক বা তদ্‌কর্তৃক বা গাইডলাইনে গঠিত কমিটিসমূহ কর্তৃক এই বিধিমালার অধীন সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত অর্ধ বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট দাখিল করিবেন।<br><br>(২) সরকার, প্রয়োজনে, মহাপরিচালকের নিকট হইতে যে কোন সময় এই বিধিমালার অধীন সম্পাদিত কার্যাবলী বা বিষয়াবলীর উপর প্রতিবেদন আহবান করিতে পারিবে এবং মহাপরিচালক উহা সরকারের নিকট প্রদান করিতে বাধ্য থাকিবেন। | ১৩। **প্রতিবেদন দাখিল**।- (১) প্রতি ৬ (ছয়) মাস অন্তর মহাপরিচালক বা তদকর্তৃক বা গাইডলাইনে গঠিত কমিটিসমূহ কর্তৃক এই বিধিমালার অধীন সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত অর্ধ বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট দাখিল করিতে হইবে।<br><br>(২) সরকার, প্রয়োজনে, মহাপরিচালকের নিকট হইতে যে কোন সময় এই বিধিমালার অধীন সম্পাদিত কার্যাবলী বা বিষয়বলীর উপর প্রতিবেদন আহবান করিতে পারিবে এবং মহাপরিচালক উহা সরকারের নিকট প্রদান করিতে বাধ্য থাকিবেন। | **13. Report Submission**.- (1) **Submission of Report**.- (1) The Director General, or a committee formed by him or Committees formed under the Guidelines will submit a half yearly report, at Six months interval to the Government, containing the statement on the accomplished activities under this Rules.<br>(2) The Government, in necessity, at any time may request the Director General to submit the report on accomplished activities or issues under this Rules and the Director General shall be bound to submit such report. |
| ১১। **আপিল**।- বিধি ৭ এর আদেশ দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি আইনের ধারা ১৪ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর বিধি ৯, ১০ এবং ১১ অনুযায়ী আপিল করিতে পারিবেন। | ১১। **আপিল**।- বিধি ৭ এর আদেশ দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি আইনের ধারা ১৪ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর বিধি ৯,১০ এবং ১১ অনুযায়ী আপিল করিতে পারিবেন। | **11. Appeal**.- Any person aggrieved by an order made under rule 7, may prefer an appeal as per the provisions of section 14 of the Act and rule 9, 10 and 11 of the Environment Conservation Rules, 1997. |

| Existing Biosafety Rules of Bangladesh, 2012<br>(বিদ্যমান বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২) | Poposed Amendment<br>বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২ তে প্রস্তাবিত সংশোধনী | English Version with the Proposed Amendments for Authenticated Text |
|---|---|---|
| **১২। (১). পুনর্বিবেচনা (রিভিউ)।-** (১) বিধি ৩ এর আদেশ দ্বারা কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে আদেশ প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে-<br>(ই) অনুমোদন না পাওয়ার কারণে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নিকট, বা<br>(আ) প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট, পুনর্বিবেচনার (রিভিউ) জন্য দরখাস্ত দাখিল করিতে পারিবে।<br>(২) উপ-বিধি (১) এর অধীন পুনর্বিবেচনার আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিবেশ ও বন মন্ত্রণালয় বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উহা নিষ্পত্তি করিবে এবং আবেদনটি মঞ্জুর বা না মঞ্জুর করা সংক্রান্ত আদেশ আবেদনকারীকে অবহিত করিবে। | **১২। পুনর্বিবেচনা (রিভিউ)।-** (১) বিধি ৩ এর আদেশ দ্বারা কোন ব্যক্তি সংক্ষুদ্ধ হইলে আদেশ প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে–<br>(অ) অনুমোদন না পাওয়ার কারণে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নিকট, বা<br>(আ) প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তপক্ষের নিকট,<br>পুনর্বিবেচনার (রিভিউ) জন্য দরখাস্ত দাখিল করিতে পারিবে।<br>**(২)** উপ-বিধি (১) এর অধীন পুনর্বিবেচনার আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্তপক্ষ উহা নিষ্পত্তি করিবে এবং আবেদনটি মঞ্জুর বা না মঞ্জুর করা সংক্রান্ত আদেশ আবেদনকানীকে অবহিত করিতে হইবে। | **12 (1) Review.-** (1) Any person aggrieved by an order made under rule 3, may file, within 30 days from the date of delivering such order, a review application:<br>(a) to the Ministry of Environment, Forest and Climate Change for not obtaining the permission;<br>(b) to the concerned authority, in applicable cases.<br><br>(2) Ministry of Environment, Forest and Climate Change or the Concerned Authority shall dispose the case within 30 (thirty) days of receiving the review application, and shall inform the applicant on granting or rejection of application. |
| **১৩। (১). প্রতিবেদন দাখিল।-** (১) প্রতি ৬ (ছয়) মাস অন্তর অন্তর মহাপরিচালক বা তদ্কর্তৃক বা গাইডলাইনে গঠিত কমিটিসমূহ কর্তৃক এই বিধিমালার অধীন সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত অর্ধ বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট দাখিল করিবেন।<br><br>(২) সরকার, প্রয়োজনে, মহাপরিচালকের নিকট হইতে যে কোন সময় এই বিধিমালার অধীন সম্পাদিত কার্যাবলী বা বিষয়াবলীর উপর প্রতিবেদন আহবান | **১৩। প্রতিবেদন দাখিল।-** (১) প্রতি ৬ (ছয়) মাস অন্তর মহাপরিচালক বা তদকর্তৃক বা গাইডলাইনে গঠিত কমিটিসমূহ কর্তৃক এই বিধিমালার অধীন সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত অর্ধ বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট দাখিল করিতে হইবে।<br><br>(২) সরকার, প্রয়োজনে, মহাপরিচালকের নিকট হইতে যে কোন সময় এই বিধিমালার অধীন সম্পাদিত কার্যাবলী বা বিষয়বলীর উপর প্রতিবেদন আহবান | **13. Report Submission**.- (1) **Submission of Report**.- (1) The Director General, or a committee formed by him or Committees formed under the Guidelines will submit a half yearly report, at Six months interval to the Government, containing the statement on the accomplished activities under this Rules.<br>(2) The Government, in necessity, at any time may request the Director General to submit the report on accomplished activities or issues under this Rules and the Director General |

| Existing Biosafety Rules of Bangladesh, 2012<br>(বিদ্যমান বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২) | Poposed Amendment<br>বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২ তে প্রস্তাবিত সংশোধনী | English Version with the Proposed Amendments for Authenticated Text |
|---|---|---|
| করিতে পারিবে এবং মহাপরিচালক উহা সরকারের নিকট প্রদান করিতে বাধ্য থাকিবেন। | করিতে পারিবে এবং মহাপরিচালক উহা সরকারের নিকট প্রদান করিতে বাধ্য থাকিবেন। | shall be bound to submit such report. |